

ঘনাদা ক্লাব : বর্তমান ও ভবিষ্যৎ কর্মসূচী

তৃতীয় সম্মেলন - ফেব্রুয়ারী ২৯, ২০২০

ঘনাদা ক্লাব কলকাতায় নতুন করে চালু হয়েছে দীর্ঘদিন বন্ধ হয়ে পড়ে থাকা পুরোনো ক্লাবের ধারাবাহিকতাকে বজায় রেখে। প্রায় ৩৫ বছর পর গত ১৫ই সেপ্টেম্বর, ২০১৯ ঘনাদা ক্লাবের প্রথম সম্মেলন আবার নতুন রূপে ফিরে এলো। নতুন উৎসাহ, উদ্দীপনা ও দৃষ্টিভঙ্গির সাহায্যে প্রেমেন্দ্র মিত্রের অমর সৃষ্টি ঘনাদা চরিত্রটিকে নানা ভাবে যুগোপযোগী করে সারা পৃথিবীর পাঠকের কাছে পৌঁছে দেওয়াই এই ক্লাবের মূল লক্ষ্য। এই লক্ষ্য নিয়ে ঘনাদা ক্লাব ইতিমধ্যেই অনেকগুলো কর্মসূচী নিয়েছে।



- **ওয়েবসাইট ও ফেসবুক** : ইতিমধ্যে একটি ওয়েবসাইট ও ফেসবুক এর পেজ তৈরী হয়েছে। ফেসবুকের মাধ্যমে ক্লাবের সৃষ্টিশীল কাজগুলো সকলের কাছে পৌঁছে যাচ্ছে।
- **হোয়াটসঅ্যাপ গ্রুপ** : এর মাধ্যমে ইতিমধ্যেই ১৫০ সদস্য বিশিষ্ট একটি গ্রুপ তৈরী হয়েছে। যেখানে প্রতিনিয়ত ঘনাদা সংক্রান্ত কাজ এবং মতের আদান প্রদান হয়ে চলেছে।
- **ইউটিউব চ্যানেল** : আপাতত পঞ্চগন্নের ও বেশী গল্প পাঠ হয়ে গ্যাছে। সুখবর এটাই যে ৫৫,০০০ এর বেশী মানুষজন এটা দেখেছেন সর্বমোট ১৬,০০০ ঘন্টা সময় ধরে এবং ৫৭৫ মতন সাবসক্রাইবার হয়েছে। ইংরিজিতেও কয়েকটি গল্প পাঠ করা হয়েছে স্পীচ-টু-টেক্সট টেকনোলজি ব্যবহার করে।
- **ঘনাদার ট্রাভেলগ** : ঘনাদা কোথায় কোথায় অভিযানে গিয়েছিলেন সেইসব জায়গার বিবরণ দিয়ে ম্যাপ তৈরী এর উদ্যোগ নেওয়া হয়েছে।
- **উইকিপিডিয়া পেজ** : অনেক তথ্য জগাড়া হয়েছে। কিন্তু এখনো প্রকাশিত হয়নি। প্রকাশনার জন্য উইকিপিডিয়াতে আপনাদের সাহায্য দরকার।
- **গল্পগুলির টীকাকরণ** : ঘনাদার গল্পের মধ্যে বিভিন্ন ঐতিহাসিক ঘটনা, ভৌগোলিক স্থান এবং বৈজ্ঞানিক আবিষ্কারের সংক্ষিপ্ত বিবরণ বা সটীক ব্যাখ্যা করা হচ্ছে। ইতিমধ্যে ৩০টি গল্প টীকায়ুক্ত করা হয়েছে।
- **ইংরেজী অনুবাদ** : প্রায় ২০ টি গল্পের ইংরেজী অনুবাদ বই হিসেবে প্রকাশিত আছে। বাকি ৪০ টি গল্পের মধ্যে আপাততঃ ১০টি গল্পের অনুবাদ করা হয়েছে। পরে অন্য ভাষাতেও এই চেষ্টা করা হবে।
- **কমিকস** : এখনও পর্যন্ত ৬টি গল্প প্রকাশিত। আমরা এদের নতুন আঙ্গিকে অডিও ভিসুয়াল রূপ দিচ্ছি।
- **নতুন ঘনাদার গল্প** : ঘনাদাকে নিয়ে মূল গল্পের স্বাদ অক্ষুণ্ণ রেখে নতুন গল্প লেখার জন্য সৃজনশীল লেখক খুঁজে বের করা একটি লক্ষ্য। আপাততঃ পাঁচজন সেই ধরনের লেখা নিয়ে ওয়েবসাইটে হাজির হয়েছেন।
- **রেজিস্টার্ড সোসাইটি** : ঘনাদা ক্লাব কে একটি রেজিস্টার্ড সোসাইটি হিসেবে গঠন করা এবং সভ্য করার নিয়মাবলী ও আনুষঙ্গিক আইন তৈরী করা। জানুয়ারির প্রথমে জমা দেওয়া হইয়েছে।
- **ঘনাদা সমগ্র** : ঘনাদা-র স্রষ্টা প্রেমেন্দ্র মিত্রের সাক্ষাৎকার এবং এ সংক্রান্ত বিভিন্ন বিজ্ঞাপন, অন্যদের লেখা বই, সাক্ষাৎকার - সংকলিত করে দুই মলাটে প্রকাশের চেষ্টা করা হবে।
- **ঘনাদা লাইব্রেরী ও মিউজিয়াম** : শার্লক হোমসের আদলে একটি লাইব্রেরী ও মিউজিয়াম নির্মাণ করা।

Web: www.ghanada.com • e-mail: ghanada.club@gmail.com • WhatsApp: +91-905-105-6178

YouTube: www.youtube.com/GhanadaStories • Facebook: www.facebook.com/GhanadaClub

ঘনাদা ক্লাবের কর্মকাণ্ডে সহযোগিতার জন্য আবেদন

তৃতীয় সম্মেলন - ফেব্রুয়ারী ২৯, ২০২০

পাঠক ছাড়া যেমন লেখক হয় না তেমনি সমমনস্ক সদস্য ছাড়াও কোনও ক্লাব চলে না। তাই ঘনাদার টানে একত্রিত আপনাদের সবাইকেই ঘনঘন চাই এই ঘনাদা আড্ডায়। আরও ঘন হোক আমাদের নিজেদের মধ্যে বাঁধন, আরও ঘনিষে আসুক এই ঘনাদা কেন্দ্রিক ঘনঘটা, ঘনাদামনস্ক আলোচনা ও চর্চা। একইসঙ্গে চলা অনেকগুলি কর্মকাণ্ডের সন্ধান আপনারা ইতিমধ্যে পেয়েছেন ক্লাবের ওয়েবসাইটে <https://www.ghanada.com>। তবু আরেকবার দেখে নেওয়া যাক।

১। **ঘনাদা ক্লাব আড্ডা** : অন্তত দু'মাসে একবার কলকাতার কোনো মধ্যবর্তী অঞ্চলে নিয়মিত মিলিত হওয়া। এ ব্যাপারে আয়োজক হিসাবে এ ধরনের সভার প্রয়োজনীয় দিকগুলির কাজে আপনি সাহায্য করতে পারেন।

২। **সোশাল মিডিয়া** : ওয়েবসাইট, ফেসবুক, উইকিপিডিয়া পেজ, অডিও/ভিডিও এডিটিং, ফটোশপ ইত্যাদিতে অভিজ্ঞতা থাকলে আমাদের বহু কাজে আপনি সাহায্য করতে পারেন।

৩। **ইংরেজী অনুবাদ** : ঘনাদার গল্পের ইংরেজী অনুবাদ, কপি সম্পাদনা, প্রুফ দেখা ও প্রকাশনার কাজে আপনি সাহায্য করতে পারেন।

ঘনাদাকে নিয়ে এ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য এবং পথচলায় যদি আপনি আমাদের পাশে কোনোভাবে থাকতে চান তাহলে অনুগ্রহ করে আপনার ব্যাপারে নীচের জ্ঞাতব্য তথ্যগুলি আমাদের জানিয়ে সাহায্য করুন।

১। ওপরের কাজগুলির কোনটিতে আপনি আগ্রহী ?

মন্তব্য-

২। এ ছাড়া অন্য কোনো পরিকল্পনা আপনার মনে আসছে ?

মন্তব্য-

৩। যদি তা থাকে তাহলে কীভাবে সেটি করা সম্ভব বা কারো সাহায্য পেতে পারেন কি আপনি?

মন্তব্য-

৪। মুদ্রণ ও প্রচার বিভাগে কোনো যোগাযোগ?

মন্তব্য-

৫। তথ্য সংরক্ষণ এবং ফেসবুক রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজে আগ্রহী?

মন্তব্য-

আপনার ব্যাপারে প্রয়োজনীয় কিছু তথ্য

নাম..... বয়স

ঠিকানা

ফোন/হোয়াটসঅ্যাপ ইমেল.....

কোন সময়টি আপনার সঙ্গে কথা বলার জন্য উপযুক্ত.....

Web: www.ghanada.com • **e-mail:** ghanada.club@gmail.com • **WhatsApp:** +91-905-105-6178

YouTube: www.youtube.com/GhanadaStories • **Facebook:** www.facebook.com/GhanadaClub